গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপ পরিচালকের কার্যালয়
কৃত্রিম প্রজনন ও ঘাস উৎপাদন,সাভার
প্রাণিসম্পদ অধিদপ্তর
কৃষি খামার সড়ক,ফার্মগেট,ঢাকা-১২১৫ ।
www.dls.gov.bd

স্মারক নং:-৩৩.০১.০০০০.৬০০.১৪.০০৬.১৮- ৯১১ তারিখঃ- ০৬/০৫/২০১৯ খ্রিঃ।

বিষয়ঃ গত ২০-০২-২০১৯ ইং তারিখে অনুষ্ঠিত National Technical Regulatory Committee (NTRC) সভার কার্যবিবরণী প্রেরণ প্রসংগে।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের ২৩-০৭-২০১৮ তারিখের নং-৩৩.০০.০০০০. ১১৮.০৬.০১৬.১২-৪৮৮ সংখ্যক স্মারকে গঠিত National Technical Regulatory Committee (NTRC) সভা প্রাণিসম্পদ অধিদপ্তরের প্রাণিপুষ্টি ভবনের সম্মেলন কক্ষে কমিটির আহবায়ক, জনাব ড. এ কে এম মুনিরুল হক, যুগ্ম-সচিব (প্রাণিসম্পদ-১), মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের সভাপতিত্বে গত ২০-০২-২০১৯ তারিখ অনুষ্ঠিত হয়। উক্ত সভার কার্যবিবরণী পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য এতদসংগে প্রেরণ করা হলো।

স্বাঃ—
(এ.কে.এম আরিফুল ইসলাম)
উপ পরিচালক (চ. দা.)
কৃত্রিম প্রজনন ও ঘাস উৎপাদন, সাভার
প্রাণিসম্পদ অধিদপ্তর, ঢাকা।

স্মারক নং:-৩৩.০১.০০০০.৬০০.১৩.০০২.১৮- ৯১১(২৪) তারিখঃ- ০৬/০৫/২০১৯ খ্রিঃ।

জ্ঞাতার্থে ও কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)।

১। চেয়ারম্যান, পল্লী কর্মসহায়ক ফাউন্ডেশন (PKSF), শেরে বাংলানগর, ঢাকা।
২। যুগ্ম-সচিব (প্রাণিসম্পদ-১), মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা ও আহবায়ক, NTRC।
৩। মহাপরিচালক, প্রাণিসম্পদ অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা।
৪। মহাপরিচালক, বিএলআরআই, সাভার, ঢাকা।
৫। ডাঃ মোঃ আইনুল হক, পরিচালক, গবেষণা প্রশিক্ষণ ও মূল্যায়ন, প্রাণিসম্পদ গবেষণা প্রতিষ্ঠান, মহাখালী, ঢাকা।
৬। পরিচালক, সম্প্রসারণ, প্রাণিসম্পদ অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা।
৭। পরিচালক, উৎপাদন, প্রাণিসম্পদ অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা।
৮। প্রফেসর ড. এ.কে ফজলুল হক ভূঁইয়া,প্রাণি প্রজনন ও কৌলিবিজ্ঞান বিভাগ, বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়, ময়মনসিংহ।
৯। প্রফেসর ড. মোঃ মোশারফ উদ্দিন ভূঞা, সার্জারী এন্ড অবস্টেট্রিক্স বিভাগ, বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়, ময়মনসিংহ।
১০। প্রফেসর ড. নাছরীন সুলতানা জুয়েনা, সার্জারী ও অবস্টেট্রিক্স বিভাগ, বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়, ময়মনসিংহ।
১১। প্রফেসর ড. কে বি এম সাইফুল ইসলাম, সহযোগী অধ্যাপক, মেডিসিন বিভাগ, শেরেবাংলা কৃষি বিশ্ববিদ্যালয়, ঢাকা।
১২। উপ পরিচালক, কেন্দ্রীয় গো-প্রজনন ও দুগ্ধ খামার, সাভার, ঢাকা।
১৩। চীফ ভেটেরিনারি অফিসার, কেন্দ্রীয় ভেটেরিনারি হাসপাতাল, প্রাণিসম্পদ অধিদপ্তর, ঢাকা।
১৪। মূখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা, এ্যানিমেল ব্রিডিং, সাভার, ঢাকা।
১৫। মূখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা, এ্যানিমেল ব্রিডিং, বিএলআরআই, সাভার, ঢাকা।
১৬। সহকারী পরিচালক (প্রাণিস্বাস্থ্য ও প্রশাসন), প্রাণিসম্পদ অধিদপ্তর, ঢাকা।
১৭। সহকারী পরিচালক(খামার), প্রাণিসম্পদ অধিদপ্তর, ঢাকা।
১৮। জনাব মোঃ সফিকুর রহমান, বায়ার অফিসার, কেন্দ্রীয় গো-প্রজনন ও দুগ্ধ খামার, সাভার, ঢাকা।
১৯। ড. মোঃ বজলুর রহমান,সহকারী পরিচালক (লীভ/রিজার্ভ) সংযুক্তি-কনসালটেন্ট, এ.আই এন্ড ই.টি প্রকল্প, প্রাণিসম্পদ অধিদপ্তর, ঢাকা।
২০। জনাব মোঃ শানে খোদা, বৈজ্ঞানিক কর্মকর্তা, এনিমেল ব্রিডিং সাভার, ঢাকা, সংযুক্তি- কেন্দ্রীয় কৃত্রিম প্রজনন গবেষণাগার, সাভার, ঢাকা।
২১। ড. শরীফ আহম্মেদ চৌধুরী, মহাব্যবস্থাপক পল্লী কর্মসহায়ক ফাউন্ডেশন, শেরে বাংলানগর, ঢাকা।
২২। প্রধান নির্বাহী কর্মকর্তা, আমেরিকান ডেইরী লিঃ, বাড়ী নং-১২, সেক্টর-৩, উত্তরা, ঢাকা।
২৩। পরিচালক, ডেইরী এন্ড ফুড, ব্র্যাক সোসাল এন্টারপ্রাইজ, ব্র্যাক সেন্টার, ৭৫ মহাখালী, ঢাকা-১২১২।
২৪। সভাপতি, বাংলাদেশ ডেইরী ফার্মার্স এসোসিয়েশন।

০৬/০৫/১৯

(এ.কে.এম আরিফুল ইসলাম)
উপ পরিচালক (চ. দা.)
কৃত্রিম প্রজনন ও ঘাস উৎপাদন, সাভার
প্রাণিসম্পদ অধিদপ্তর, ঢাকা।

CamScanner

২০ ফেব্রুয়ারী ২০১৯খ্রি. প্রাণিসম্পদ অধিদপ্তরে অনুষ্ঠিত

National Technical Regulatory Committee (NTRC) এর ২য় সভার কার্যবিবরণী।

সভাপতি : ড. এ কে এম মুনিরুল হক
যুগ্ম-সচিব (প্রাণিসম্পদ-১), মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা

স্থান ঃ প্রাণিসম্পদ অধিদপ্তরর ২নং ভবনের সম্মেলন কক্ষ।

তারিখ ঃ ২০.০২.২০১৯ খ্রি. সকাল ১০.০০ ঘটিকা

১। সভায় অংশগ্রহণকারীগণের তালিকা পরিশিষ্ট "ক" তে সন্নিবেশ করা হলো। মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব জনাব কাজী ওয়াছি উদ্দিন সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন।

২। সভার শুরুতে সভাপতি মহোদয় NTRC এর সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন এবং কমিটির সদস্য সচিব উপ পরিচালক, কৃত্রিম প্রজনন ও ঘাস উৎপাদন কে সভার আলোচ্যসূচী সভায় উপস্থাপনের জন্য আহবান করেন।

৩। উপ পরিচালক, কৃত্রিম প্রজনন ও ঘাস উৎপাদন উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে NTRC এর সর্বশেষ সভার কার্যবিবরণী বিস্তারিতভাবে সভায় উপস্থাপন করেন। পরবর্তীতে কমিটির সকল সদস্য আলোচনায় অংশগ্রহণ করে সুচিন্তিত মতামত প্রদান করেন ।

৪। প্রফেসর ড. এ.কে ফজলুল হক ভূঁইয়া, প্রাণি প্রজনন ও কৌলিবিজ্ঞান বিভাগ, বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়, ময়মনসিংহ আলোচনায় ষাঁড়/বকনা/এমব্রায়ো/ সিমেন ইত্যাদি আমদানী সংক্রান্ত উপ-কমিটি-তে প্রজনন ষাঁড়ের জেনোমিক মূল্যায়নে অভিজ্ঞ কোন সদস্য না থাকায় প্রফেসর ড.মোঃ সামসুল আলম ভূইয়া, প্রাণি প্রজনন ও কৌলিবিজ্ঞান বিভাগ, বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়, ময়মনসিংহ কে অন্তর্ভূক্ত করার প্রস্তাব করেন।Standard Operating Produres (SOP) নিয়ে আলোচনা কালে তিনি বলেন জনাব মোঃ সফিকুর রহমান,বায়ার অফিসার SOP তৈরী করে সংশোধনের জন্য পেশ করলেও তা পরবর্তী একটি সভায়আরও পর্যালোচনা করে সিদ্ধান্ত নেয়া প্রয়োজন বলে তিনি মতামত প্রদান করেন। আমেরিকান ডেইরী লিঃ এর ৩৯ টি ষাঁড় অনুমোদন বিষয়ে তিনি বলেন NTRC এর অধীনে গঠিত উপ-কমিটির সদস্যবৃন্দ ইতোমধ্যে এ.সি.আই এবং আমেরিকান ডেইরী লিমিটেড পরিদর্শন করেছেন। ACI এর স্থাপনা সমূহ পরিদর্শন করা হয়েছে। তবে সেটি পরবর্তীতে আরও অধিক পরিদর্শনের প্রয়োজন আছে। NTRC এর উপ-কমিটি আমেরিকান ডেইরী লিঃ এর প্রতিটি কার্যক্রম প্রত্যক্ষ করেছেন। প্রজনন ষাঁড়গুলোর পি-ডিগ্রী সহ অন্যন্য বিষয়াদি দেখা হয়েছে। প্রজনন নীতিমালা অনুসরণ করেই আমেরিকান ডেইরী লিমিটেড প্রজনন ষাঁড় তৈরী করেছেন। উপ-কমিটির নিকট প্রজনন ষাঁড়গুলো অনুমোদন পাওয়ার উপযুক্ত মনে হয়েছে। বুল ষ্টেশনের প্রজনন ষাঁড় নির্বাচনের জন্য একটি ফরমেট তৈরী করা হয়েছে যা পরবর্তীতে প্রতিটি সংস্থার নিকট প্রেরণ করা হবে। ফরমেট এর মধ্যে প্রাপ্ত তথ্য পর্যালোচনা করে সিদ্ধান্ত গ্রহণ সহজ হবে। বিভিন্ন সংস্থার সিমেন যাচাই বাছাই এর ব্যপারে তিনি বলেন সিমেন পরীক্ষা ল্যাবে হতে হবে তবে Random Sampling এর ব্যবস্থা থাকা ভালো। কোন সংস্থার দক্ষ প্রজননকারী আছে কিনা সেটা Monitoring কমিটি মনিটর করবে। বুল ষ্টেশন, ষাঁড় নির্বাচন, মূল্যায়ন সম্পর্কিত কারিগরি উপ-কমিটি যে ফরমেট তৈরী করেছেন সেটি যথাযথভাবে পুরণ করা হলে সকল প্রজনন ষাঁড়ের Merit সম্পর্কে জানা যাবে। রেকর্ড বিহীন প্রজনন ষাঁড় তৈরী করা ঠিক নয়।

সরকারী খামার হতে অপ্রয়োজনীয় গবাদিপশু বাছাই করার ব্যাপারে তিনি Individualy প্রতিটি গবাদি পশুর তথ্য সংগ্রহ করে বাছাই করার পরামর্শ প্রদান করেন। তিনি বলেন Balance Breedable সংখ্যক গাভী রেখে অবশিষ্ট গবাদিপশুCull করা প্রয়োজন সরকারী ৬টি দুগ্ধ খামারে অপ্রয়োজনীয় গবাদি পশু নিরুপন বিষয়ে তিনি আলোচনা করেন। গ্রামে গঞ্জে ব্রাহমা জাতের ষাঁড়ের বীজ ব্যবহারের জন্য যে ১২ টি নির্দেশনা রয়েছে তা ২/৩ টি পয়েন্টে উল্লেখ করার পরামর্শ প্রদান করেন।

তিনি প্রজনন সঠিক ভাবে সম্পন্ন করার জন্য নিম্নবর্ণিত প্রজনন নির্দেশিকা নিয়ে সভায় আলোচনা করেন।

জাতীয় প্রজনন নীতিমালা অনুসরণে গবাদি পশুর কৃত্রিম প্রজনন নির্দেশিকা (২০১৯)

| নির্দেশনা | বকনা / গাভী | খামারীর অবস্থা | প্রাপ্য বীজ |
|---|---|---|---|
| ১ | দেশী | দরিদ্র / মধ্যবিত্ত | দেশী (RCC, Pabna, মুন্সীগঞ্জ, উন্নত দেশী) |
| ২ | দেশী | স্বচ্ছল, খামার মালিক | ১০০% হলষ্টিন-ফ্রিজিয়ান |
| ৩ | শাহিওয়াল-দেশী | মধ্যবিত্ত, স্বচ্ছল ও খামার মালিক | ১০০ % শাহিওয়াল, ৫০% শাহিওয়াল-৫০% দেশী |
| ৪ | ৫০% হলষ্টিন ফ্রিজিয়ান-৫০% দেশী | ঐ | ৫০% শাহিওয়াল-৫০% দেশী |
| ৫ | ৫০% হলষ্টিন ফ্রিজিয়ান- দেশী | ঐ | ৫০% হলষ্টিন ফ্রিজিয়ান- ৫০% দেশী |
| ৬ | দেশী (বড় আকার) | স্বচ্ছল, খামার মালিক | ১০০% ব্রাহমা |
| ৭ | ৫০% ব্রাহমা -৫০% দেশী | স্বচ্ছল, খামার মালিক | ৫০% ব্রাহমা -৫০% দেশী |

নোট ঃ সকল ক্ষেত্রে যে কোন বকনা/গাভীকে ঘনিষ্ঠ সম্পর্কযুক্ত (নিকট আত্মীয়) ষাঁড়ের বীজ দ্বারা প্রজনন পরিহার বাঞ্ছনীয়।

CamScanner

তিনি বলেন ৬২.৫% উপরের গবাদিপশু এদেশের জন্য লাভজনক নয়। ভবিষ্যতে প্রজনন ষাঁড় তৈরীর সময় এ বিষয়টি বিবেচনা করার পরামর্শ প্রদান করেন। এ দেশের জাতীয় গড় দুধ উৎপাদন কমপক্ষে ৮ লিঃ হওয়া বাঞ্ছনীয়। সে হিসেবে যে প্রজনন ষাঁড়ের মা ১৫-১৬ লিটার দুধ দানে সক্ষম অন্ততঃ সে ধরণের মা থেকে প্রজনন ষাঁড় তৈরী করা প্রয়োজন। গির এবং গিরোল্যান্ড নিয়ে কঠোর সর্তকতা অবলম্বন করার পরামর্শ প্রদান করেন। তিনি Breeding গবেষণা সীমাবদ্ধ রাখতে বলেন অন্যথায় এর বিরূপ প্রভাব পড়তে পারে। যে সংস্থা গবেষণা করছে তার প্রয়োজনীয় সংখ্যক জনবল আছে কিনা তা যাচাই এর ব্যাপারে উপ-কমিটিকে পরামর্শ প্রদান করেন। গবাদিপশুর Blood percent এর চেয়ে তিনি Merit উপর জোর দিতে বলেন। রেকর্ড কিপিং সঠিকভাবে সম্পন্ন করার জন্য সরকারের নেতৃত্বে অংশগ্রহণ মূলক রেকর্ড কিপিং ব্যবস্থা জোরদার করা প্রয়োজন বলে তিনি অভিমত ব্যক্ত করেন।

৫। **পরিচালক, উৎপাদন, প্রাণিসম্পদ অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা** আলোচনায় অংশ নিয়ে জানান যে, দুগ্ধ ও গবাদি উন্নয়ন খামার, রাজশাহী হতে ৬৯ টি অপ্রয়োজনীয় গবাদিপশু বাছাই করা হয়েছে। অবশিষ্ট গবাদিপশুগুলির মান ভাল। অন্যান্য সরকারী দুগ্ধ খামারগুলিতেও অপ্রয়োজনীয় গরু নির্বাচন করে Culling করার প্রক্রিয়া চলমান রয়েছে বলে তিনি সভায় অবহিত করেন। বিভিন্ন খামার হতে জনবল নিয়ে এসে কেন্দ্রীয় দুগ্ধ খামারে প্রশিক্ষণ দেয়া হচ্ছে।

৬। **পরিচালক (সম্প্রসারণ), প্রাণিসম্পদ অধিদপ্তর**, বাংলাদেশ, ঢাকা আলোচনায় অংশ নিয়ে প্রজনন নির্দেশিকা সকল জেলা কৃত্রিম প্রজনন কেন্দ্র, কৃত্রিম প্রজনন মাঠ কর্মী এবং কৃত্রিম প্রজনন স্বেচ্ছাসেবীর নিকট প্রেরণের পরামর্শ দেন।

৭। **পরিচালক (গবেষণা, প্রশিক্ষণ ও মূল্যায়ন), প্রাণিসম্পদ গবেষণা প্রতিষ্ঠান, মহাখালী,** ঢাকাসভাকে জানান যে, ব্রাহমা জাত বাণিজ্যিক ভিত্তিতে লালন পালন করার জন্য আনা হয়েছিল এবং $F_2$ জেনারেশন পর্যন্ত পারফরমেন্স মূল্যায়ন করা এবং অবশিষ্ট প্রাণিগুলি বাতিল করার পরিকল্পনা ছিল। গবাদিপশুর সংখ্যা এবং জাত বিবেচনা করে প্রজনন নীতিমালা পরিবর্তন করা প্রয়োজন। High Merit এর প্রজনন ষাঁড় সংগ্রহ করার জন্য তিনি পরামর্শ দেন। তিনি বলেন দেশে গড় দুধ উৎপাদন ১২-১৩ লিঃ হওয়া প্রয়োজন।

৮। **উপ পরিচালক, কেন্দ্রীয় গো-প্রজনন ও দুগ্ধ খামার,** সাভার, ঢাকা বলেন কেন্দ্রীয় কৃত্রিম প্রজনন গবেষণাগারে সকল সংস্থার সকল বুলের একটি নির্দিষ্ট মাত্রায় সিমেন সংরক্ষণ করার ব্যবস্থা করতে হবে, যাতে কোন ষাঁড়ের সিমেন ব্যবহার যদি দেশের জন্য ক্ষতিকারক হয় তা নির্ণয় করা সহজ হয়। আর.সি.সি সম্পর্কে তিনি বলেন, আর.সি.সি কে ব্রান্ডিং করতে না পারলে মাঠ পর্যায়ে প্রজনন করা অসুবিধাজনক। বগুড়া দুগ্ধ খামার হতে কিছু গাভী সাভার ডেইরী ফার্মে স্থানান্তর করা হচ্ছে। ব্রাহমা জাতের ৩০০-৩৫০ টি বকনা কেন্দ্রীয় গো-প্রজনন ও দুগ্ধ খামার, সাভার, ঢাকায় মজুদ আছে। এ ব্রাহমা জাতের বকনাগুলো রাখা যাবে কিনা সিদ্ধান্ত প্রয়োজন। প্রকল্প থেকে সংগৃহীত ১৬ টি ট্রায়াল বুল, ২৮ টি বুল কাফ কেন্দ্রীয় কৃত্রিম প্রজনন গবেষণাগারে রয়েছে। যা থেকে প্রয়োজনীয় সংখ্যক বুল সিলেকশন করার বিষয়ে সিদ্ধান্ত প্রয়োজন। প্রায় ৪ লাখের মত ৫০% শংকর ব্রাহমা জাতের সিমেন মজুদ আছে এ বিষয়ে একটি নির্দেশনা প্রয়োজন।

৯। **চীফ ভেটেরিনারি অফিসার, ৪৮ কাজী আলাউদ্দিন রোড, ঢাকা** বলেন বুল ষ্টেশন/ষাঁড় নির্বাচন/মূল্যায়ন সম্পর্কিত কারিগরি উপ-কমিটিতে রোগ নির্ণয়ের জন্য একজন অভিজ্ঞ ভেটেরিনারি ডাক্তার অন্তর্ভুক্ত করার প্রয়োজন। আমেরিকান ডেইরী লিঃ এর যে ৩৯ টি প্রজনন ষাঁড়ের অনুমোদন দেয়া হচ্ছে তার পিডিগ্রী সঠিক কিনা যাচাই করা প্রয়োজন। তিনি যথাযথ রেকর্ড কিপিং এর উপর গুরুত্ব আরোপ করেন। মাঠ পর্যায়ের গবাদিপশুর রেকর্ড কিপিং সঠিক নেই তাই পিডিগ্রী সম্পর্কে সঠিকভাবে জানা প্রয়োজন। ৭৫% এর উপরে ব্লাড লেভেলের গবাদিপশু এ দেশের আবহাওয়ার উপযোগী নয় তাই রেকর্ড কিপিং প্রয়োজন। তিনি বলেন অনেক শিক্ষিত খামারী তাদের পশুর আইডি এবং পিডিগ্রী সংরক্ষণ করেন। প্রতিটি গাভীকে Tagging করতে হবে। এ ব্যাপারে প্রশিক্ষণ প্রয়োজন। সরকারী বেসরকারী সকল প্রজনন কর্মীকে প্রশিক্ষণের ব্যবস্থা করতে হবে।

১০। **সহকারী পরিচালক (খামার), প্রাণিসম্পদ অধিদপ্তর,** ঢাকাআলোচনায় অংশ নিয়ে চীফ ভেটেরিনারি অফিসারকে বুল ষ্টেশন, ষাঁড় নির্বাচন, মূল্যায়ন সম্পর্কিত কারিগরি উপ-কমিটিতে অন্তর্ভুক্ত করার প্রস্তাব করেন। ব্রাহমা জাতের ষাঁড়ের হিমায়িত সিমেন ব্যবহার নিয়ে আলোচনা কালে তিনি বলেন ব্রাহমা জাতের ষাঁড়ের বীজ ব্যবহার সংক্রান্ত নির্দেশিকার ২নং থেকে ১২ নং পর্যন্ত মনিটরিং বিষয়ক কাজ এটি সংক্ষেপ করা যেতে পারে। তিনি দক্ষ জনবল তৈরীর জন্য প্রয়োজনীয় প্রশিক্ষণ প্রদানে গুরুত্ব আরোপ করেন।

১১। **এ.কিউ.এম শফিকুর রউফ, জেনারেল ম্যানেজার (ব্র্যাক) ঃ** সংস্থার নিজস্ব ল্যাবরেটরীতে সিমেন মুল্যায়ন সম্পন্ন করার পরামর্শ দেন। অন্যত্র মূল্যায়ন হলে সঠিক নাও হতে পারে। সিমেন সংরক্ষণের জন্য সিমেন ব্যাংকে জমা করার পরামর্শ দেন। আমেরিকান ডেইরী মাঠ পর্যায়ে ব্রাহমা জাতের সিমেন সরবরাহ এবং ব্যবহার করছেন বলে তিনি অভিযোগ করেন। ব্র্যাক ব্রাহমা জাত নিয়ে কাজ করার ইচ্ছা

CamScanner

পোষণ করেন। প্রজনন নির্দেশিকায় হাই মেরিট বুলগুলো কিভাবে ব্যবহার হবে তার নির্দেশনা থাকা প্রয়োজন বলে তিনি মতামত প্রদান করেন।

১২। আমেরিকান ডেইরী লিঃ এর প্রতিনিধি, জনাব গোলাম মাওলা বলেন বিভিন্ন সীমান্ত দিয়ে প্রজনন নীতিমালা বহির্ভূত গবাদিপশু সীমান্ত রক্ষী বাহিনীর ছাড়পত্র পেয়ে বাংলাদেশে প্রবেশ করছে।

১৩। **ডাঃ এ.এস.আলীম, প্রধান নির্বাহী কর্মকর্তা, আমেরিকান ডেইরী লিঃ বলেন** আগামী জুলাই মাসের মধ্যে সিমেন তৈরীর জন্য সেখানে আরও দক্ষ কারিগরি জ্ঞান সম্পন্ন কর্মী তৈরী করা হবে। Genomic test করার জন্য আমেরিকান ডেইরী আগ্রহী। বিশ্ববিদ্যালয় এ সুযোগ দিলে এ ধরণের test করা সম্ভব হবে। এ ধরনের test করার জন্য NIB এর সাথে যোগাযোগ করা হচ্ছে। ব্রাহমা সম্পর্কে বলেন বাহির থেকে ব্রাহমা বকনা ক্রয় করে খামারে লালন পালন করা হয় এবং মাঠ পর্যায়ে কোন সিমেন সরবরাহ করা হয় না। আমেরিকান ডেইরীর কোন কর্মী ব্রাহমা সিমেন ব্যবহার করলে তাকে ছাটাই করা হবে। আরসিসি সম্পর্কে তিনি বলেন আরসিসির একটি হার্ড তৈরী করা হয়েছে। তবে কোন গবেষণাকার্যক্রম চলছেনা।

১৪। **মোঃ শানে খোদা, বৈজ্ঞানিক কর্মকর্তা, এনিম্যাল ব্রিডিং সাভার,** প্রেষণে-কৃত্রিম প্রজনন গবেষণাগার, সাভার, ঢাকা বলেন ব্রাহমা জাত হতে সংগ্রহীত প্রায় ৪ লক্ষ হিমায়িত সিমেনের ব্যবহার এবং ৪ টি প্রজনন ষাঁড়, ১৬ টি ট্রায়াল ষাঁড় এবং ২৮ টি ব্রাহমা জাতের ষাঁড় সম্পর্কে নির্দেশনা প্রয়োজন। প্রজনন নির্দেশনা সঠিকভাবে বাস্তবায়নের জন্য বায়ার শাখার ব্রিডিং পরিকল্পনা এবং কেন্দ্রীয় কৃত্রিম প্রজনন গবেষণাগারে রক্ষিত বিভিন্ন গ্রেডের প্রজনন ষাঁড়ের বিষয়ে নির্দেশনা প্রয়োজন।

১৫। **জনাব কাজী ওয়াছি উদ্দিন, অতিরিক্ত সচিব, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় আলোচনায় অংশ গ্রহণ করেন।**আমেরিকান ডেইরীর ৩৯ টি প্রজনন ষাঁড়ের অনুমোদনের ব্যাপারে বিদ্যমান প্রজনন নীতিমালা অনুসরণ করা হয়েছে কিনা, রোগ বালাই বিবেচনা করা হয়েছে কিনা, ল্যাবের সক্ষমতা ও প্রয়োজনীয় দক্ষ লোকবল আছে কিনা এবং মাঠ পর্যায়ে কাজের জন্য প্রয়োজনীয় দক্ষ প্রজনন কর্মীর বিষয় বিবেচনা করা হয়েছে কিনা? ইত্যাদি বিষয়ে তিনি খোজনেন।ল্যাবে কাজ করার জন্য বিকল্প দক্ষ কর্মী তৈরীর জন্য তিনি পরামর্শ দেন। Genomic test এর ব্যাপারে তিনি গুরুত্বারোপ করেন। সার্বিক আলোচনার পর তিনিআমেরিকান ডেইরী এর ৩৯ টি বুল অনুমোদন দেয়ার পক্ষে মতামত ব্যক্ত করেন।

সরকারী খামারে কম উৎপাদনশীল গাভী ছাটাই এর জন্য তিনি পরামর্শ প্রদান করেন। বিশেষ করে প্রতিদিন ১০ লিটারের কম দুধ দেয় এমন গাভী রাখা ঠিক নয় বলে তিনি মন্তব্য করেন। খামার আধুনিক ও যুগোপযোগী করার জন্য তিনি প্রয়োজনীয় পরামর্শ দেন। প্রয়োজনে খামারের কর্মচারীদের অন্যত্র প্রশিক্ষণের ব্যবস্থা করার জন্য বলেন। ব্রাহমা সম্পর্কে তিনি বলেন ১০০% ব্রাহমা সিমেন দিয়ে দীর্ঘদিন প্রজনন করা সম্ভব নয়। ৫০% $F_1$ বুল এর সিমেন দিয়ে $F_1$ বকনা অথবা গাভীকে প্রজনন করা যেতে পারে। ১০০% ব্রাহমা সিমেন মাঠ পর্যায়ে সরবরাহ করা যাবে। দেশী গাভী ২ লিটার দুধ দেয় এমন গাভীকে ১০০% ব্রাহমা বীজ দিয়ে প্রজনন করা যাবে। আর.সি.সি সম্পর্কে তিনি বলেন আর.সি.সি যদি Branding করা যায় এবং OIE থেকে Disease Free সার্টিফিকেট গ্রহণ করা যায় তাহলে বাহিরে রপ্তানি করা যাবে। প্রজননের জন্য যে নির্দেশিকা প্রণয়ন করা হয়েছে তা এ সভায় অনুমোদনের জন্য তিনি মতামত ব্যক্ত করেন। সরকারী বেসরকারী সকল সংস্থার প্রজনন কর্মীকে এই প্রজনন নির্দেশিকা অনুসরণ করতে হবে। বিভিন্ন সীমানা দিয়ে যে সমস্ত গবাদিপশু বাংলাদেশে প্রবেশ করে সেগুলো সীমান্ত রক্ষী বাহিনী কর্তৃক ছাড়পত্র পেলেও বিদ্যমান প্রজনন নীতিমালা অনুসরণ করা না হলে প্রবেশ করতে দেয়া যাবে নামর্মে তিনি মতামত ব্যক্ত করেন। এ ব্যাপারে উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, জেলা প্রাণিসম্পদ কর্মকর্তাদের সার্কুলারের মাধ্যমে অবহিত করতে হবে। রিসার্চের ব্যাপারে গবাদিপশু আমদানী করার অনুমতি দেওয়া যেতে পারে বলে তিনি অভিমত ব্যক্ত করেন। আজকের সভায় সকলের বিজ্ঞ মতামতের জন্য তিনি সকলকে ধন্যবাদ জানান।

১৬। **ড. এ কে এম মুনিরুল হক,** যুগ্ম সচিব(প্রাণিসম্পদ-১), মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়,ঢাকা ও সভাপতি NTRC ঃ সকল বেসরকারি সংস্থাকে ল্যাবঃ অত্যাধুনিক করার পরামর্শ প্রদান করা হবে। ল্যাবে প্রয়োজনীয় কারিগরী জ্ঞান সম্পন্ন দক্ষ কর্মী এবং মাঠ পর্যায়েও দক্ষ প্রজনন কর্মী থাকতে হবে। ল্যাবের উৎপাদিত সিমেন এর বিভিন্ন ল্যাবে Cross testing করা প্রয়োজন। তিনি সভাকে জানান যে, গত সভার কার্যবিবরণী যথেষ্ট যাচাই বাছাই করে তৈরী করা হয়েছে। নতুন যে সকল সদস্যকে NTRC-তে অন্তর্ভুক্তির প্রস্তাব এসেছে তা বিবেচনা করা যেতে পারে বলে মতামত ব্যক্ত করেন। পরবর্তী মিটিং স্বল্প সময়ের মধ্যে আয়োজন করার জন্য তিনি সদস্য সচিব-কে অনুরোধ করেন।

CamScanner

সভায় বিস্তারিত আলোচনা শেষে নিম্নলিখিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয় ঃ

| ক্রঃ নং | সিদ্ধান্ত |
|---|---|
| ১৭.০১ | NTRC এর ষাঁড়, বকনা, এমব্রায়ো সিমেন ইত্যাদি আমদানী উপ-কমিটিতে প্রফেসর ড.মোঃ সামসুল আলম ভূইয়া, প্রাণি প্রজনন ও কৌলিবিজ্ঞান বিভাগ, বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়, ময়মনসিংহ-কে অন্তর্ভূক্ত করার জন্য মহা-পরিচালক, প্রাণিসম্পদ অধিদপ্তর এর মাধ্যমে মন্ত্রণালয়ে প্রস্তাব প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়। |
| ১৭.০২ | NTRC এর বুল ষ্টেশন/ষাঁড় নির্বাচন/মূল্যায়ন সম্পর্কিত কারিগরি উপ-কমিটিতে চীফ ভেটেরিনারি অফিসার, ৪৮ কাজী আলাউদ্দিন রোড, ঢাকা-কে অন্তর্ভূক্ত করার জন্য মহা-পরিচালক, প্রাণিসম্পদ অধিদপ্তর এর মাধ্যমে মন্ত্রণালয়ে প্রস্তাব প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়। |
| ১৭.০৩ | ষাঁড় নির্বাচন এবং সিমেন উৎপাদন বিষয়ে প্রণীত Standard Operating Procedure (SOP) সংশ্লিষ্ট কমিটির পরবর্তী সভায় অধিকতর পর্যবেক্ষণ / আলোচনা শেষে চূড়ান্ত করা হবে। |
| ১৭.০৪ | সরকারী ৬টি খামার (বগুড়া, রাজশাহী, সিলেট, ফরিদপুর, বরিশাল ও চট্টগ্রাম) দ্রুত পরিদর্শন করত সেখানে কি পরিমান অপ্রয়োজনীয় এবং কম উৎপাদনশীল গবাদিপশু রয়েছে তা নিরুপন করে একটি প্রতিবেদন আগামী NTRC এর সভায় উপস্থাপনের সিদ্ধান্ত গৃহীত হয়। |
| ১৭.০৫ | আমেরিকান ডেইরী লিমিটেড এর নিম্নবর্ণিত ৩৯ টি প্রজনন ষাঁড় হতে সিমেন উৎপাদনের প্রত্যয়ন প্রদানের জন্য মহা-পরিচালক, প্রাণিসম্পদ অধিদপ্তর, বরাবরে সুপারিশ করা হয়। |

| ক্রমিক নং | ষাঁড়ের নম্বর | ষাঁড়ের জাত | ষাঁড়ের জন্ম তারিখ | ক্রমিক নং | ষাঁড়ের নম্বর | ষাঁড়ের জাত | ষাঁড়ের জন্ম তারিখ |
|---|---|---|---|---|---|---|---|
| ১. | ৫১ | ফ্রি x দেশী | ১৭.০৬.২০১৩ | ২. | ৬২৯ | শাহীওয়াল | ১০.০৫.২০১৫ |
| ৩. | ৫২ | ফ্রি x দেশী | ২৩.০৯.২০১৩ | ৪. | ৬৭৩ | ফ্রি x দেশী | ২৭.১১.২০১৫ |
| ৫. | ৫৪ | ফ্রি x দেশী | ২৫.০৯.২০১৩ | ৬. | ৭০৫ | ফ্রি x দেশী | ২২.০৩.২০১৬ |
| ৭. | ৫৭ | শাহীওয়াল | ২০.০৪.২০১৫ | ৮. | ৭১৪ | ফ্রি x দেশী | ২৯.০৩.২০১৬ |
| ৯. | ৫৮ | শাহীওয়াল | ০১.১২.২০১৫ | ১০. | ৭১৬ | ফ্রি x দেশী | ০২.০৪.২০১৬ |
| ১১. | ৫৯ | শাহীওয়াল | ০৪.০১.২০১৫ | ১২. | ৭৯১ | শাহীওয়াল | ০৭.০৩.২০১৬ |
| ১৩. | ৭০ | শাহীওয়াল | ১০.০১.২০১৫ | ১৪. | ৭৯২ | শাহীওয়াল | ০৩.০১.২০১৬ |
| ১৫. | ৭১ | শাহীওয়াল | ০৫.০৭.২০১৫ | ১৬. | ৯০১ | শাহীওয়াল | ২০.০১.২০১৫ |
| ১৭. | ৭২ | শাহীওয়াল | ১২.০৫.২০১৫ | ১৮. | ৯০২ | শাহীওয়াল | ০৫.০১.২০১৬ |
| ১৯. | ৭৩ | শাহীওয়াল | ০৩.০৬.২০১৫ | ২০. | ৯০৩ | শাহীওয়াল | ২৮.০১.২০১৬ |
| ২১. | ৭৪ | শাহীওয়াল | ২০.০৪.২০১৫ | ২২. | ৯১০ | দেশী | ০৬.০১.২০১৪ |
| ২৩. | ৭৫ | শাহীওয়াল | ০৪.০৭.২০১৫ | ২৪. | ২৭৬১ | শাহীওয়াল | ২১.০৩.২০১৩ |
| ২৫. | ১৮১ | ফ্রি x দেশী | ২৫.০৩.২০১৫ | ২৬. | ২৭৬৬ | শাহীওয়াল | ২৯.০৩.২০১৩ |
| ২৭. | ১৮৯ | ফ্রি x দেশী | ০৮.০৭.২০১৫ | ২৮. | ৯১৫৬ | ফ্রি x দেশী | ১২.০২.২০১৬ |
| ২৯. | ৬২৩ | মুন্সীগঞ্জ | ০১.০৭.২০১৫ | ৩০. | ৩৮১৭০৪ | দেশী | ০১.০৮.২০১৪ |
| ৩১. | ৬২৪ | মুন্সীগঞ্জ | ০১.০৭.২০১৬ | ৩২. | ৩৮১৭০৮ | দেশী | ২৫.০৭.২০১৪ |
| ৩৩. | ৬২৫ | মুন্সীগঞ্জ | ০১.০৪.২০১৬ | ৩৪. | ৩৮১৭০৮ | শাহীওয়াল | ০১.০১.২০১৫ |
| ৩৫. | ৬২৬ | শাহীওয়াল | ১১.০৬.২০১৫ | ৩৬. | ৩১ | ফ্রি x দেশী | ২৯.০১.২০১৪ |
| ৩৭. | ৬২৭ | শাহীওয়াল | ১৫.০৬.২০১৫ | ৩৮. | ৩৬ | ফ্রিজিয়ান | ২০.০৮.২০১৪ |
| ৩৯. | ৬২৮ | শাহীওয়াল | ১৫.০৪.২০১৫ | | | | |

| ক্রঃ নং | সিদ্ধান্ত |
|---|---|
| ১৭.০৬ | গবাদিপশুর কৃত্রিম প্রজনন নির্দেশিকা (২০১৯) সভায় অনুমোদনের করা হয় এবং তা সকল F.A.A.I এবং A.I. Technician নিকট প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়। |
| ১৭.০৭ | ব্রাহমা জাতের ষাঁড়ের বীজ ব্যবহার সংক্রান্ত নির্দেশিকার ১২টি পয়েন্ট ৩টি পয়েন্টে বর্ননা করার সিদ্ধান্ত গৃহীত হয়। পরবর্তী নির্দেশ না পাওয়া পর্য্যন্ত কেন্দ্রীয় গো-প্রজনন ও দুগ্ধ খামার সাভারে ব্রাহমা জাতের ষাঁড় হতে ৫০% ব্রাহমা জাতের গভীর হিমায়িত সিমেন উৎপাদন কার্যক্রম স্থগিত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। |
| ১৭.০৮ | যে সংস্থা জাত উন্নয়ন সংক্রান্ত গবেষণা কার্যক্রম পরিচালনা করছে তার প্রয়োজনীয় কারিগরি জ্ঞানসম্পন্ন দক্ষ জনবল আছে কিনা তা NTRC এর মূল্যায়ন উপ-কমিটি কর্তৃক যাচাই করতে হবে। |
| ১৭.০৯ | Record Keeping জোরদারকরণের কার্যকরি ব্যবস্থা গ্রহণ করতে হবে। |
| ১৭.১০ | প্রজনন নীতীমালা বহির্ভূত গবাদিপশু যেন সীমান্ত দিয়ে দেশে প্রবেশ না করতে পারে সে বিষয়ে প্রাণিসম্পদ অধিদপ্তর কর্তৃক প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য মহা-পরিচালক, প্রাণিসম্পদ অধিদপ্তরকে অনুরোধ জানানো হয়। |

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করেন।

(ড. এ কে এম মুনিরুল হক)
যুগ্ম সচিব(প্রাণিসম্পদ-১)
মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়,
বাংলাদেশ সচিবালয়,ঢাকা
ও
সভাপতি NTRC।

CS CamScanner